



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল (আইকিউএসি)- উদ্যোগে বিশ্ববিদ্যালয় মিনি অডিটরিয়ামে “Conference on Quality Assurance in Higher Education and Activities Of IQAC” শীর্ষক কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথী উপস্থিত ছিলেন বাংলাদেশ এক্রিডিটেশান কাউন্সিল এর প্রধান প্রফেসর ড. মিসবা উদ্দীন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মিসবা উদ্দীন আহমেদ বলেন, জ্ঞান, আচরণ ও দক্ষতা, এই তিনটি বিষয়ের অনন্য সমন্বয়ের ফলেই গুণগত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত হবে। আর এই বিষয়গুলোর মান উন্নয়নের জন্য আইকিউএসি নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে গেস্ট অফ অনার হিসাবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, বিজ্ঞান ভিত্তিক গবেষণা, বিশ্বমানের শিক্ষার জন্য আইকিউএসি এ বছর ৮৫ টি কর্মশালার আয়োজন করেছে। এ প্রক্রিয়া আগামী বছরও অব্যাহত থাকবে।

আইকিউএসি পরিচালক প্রফেসর ড. আব্দুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স ইউনিট-এর পরিচালক প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এমরান রুস্তম আলী, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স ইউনিট-এর পরিচালক প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস।

অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক করেন প্রফেসর ড. মো. আশরাফুল আলম।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার